গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০১৯ প্রকল্প
পরিসংখ্যান ভবন (৬ষ্ঠ তলা, ব্লক-বি)
ই-২৭/ এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

নং- ৫২.০১.০০০০.৫০১.০৭.৭২১.১৯.০৬৫

তারিখ : ১২ ফাল্গুন ১৪২৬
২৫ ফেব্রুয়ারি ২০২০

# আউটসোর্সিং পদ্ধতিতে জনবল নিয়োগের দরপত্র/প্রস্তাব বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০১৯ প্রকল্প' দপ্তরে উন্নয়ন বাজেটের আওতায় সম্পূর্ণ অস্থায়ীভাবে আউটসোর্সিং পদ্ধতিতে জনবলের সেবা গ্রহণের উদ্দেশ্যে এতৎসংক্রান্ত যোগ্যতাসম্পন্ন প্রতিষ্ঠান নির্বাচনের লক্ষ্যে দরপত্র/ প্রস্তাব (RFP) আহ্বান করা যাচ্ছে :

| | | |
|---|---|---|
| ১. | মন্ত্রণালয়/বিভাগ | পরিকল্পনা মন্ত্রণালয়/পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| ২. | সংস্থার নাম | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) |
| ৩. | প্রকল্পের নাম | জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০১৯ প্রকল্প |
| ৪. | অর্থের উৎস | বাংলাদেশ সরকার (জিওবি) |
| ৫. | দরপত্র প্যাকেজের নাম | আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহ |
| ৬. | জনবল সরবরাহের সময়সীমা | কার্যাদেশ প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে |
| ৭. | কর্মচারীদের কার্য সম্পাদনের সময়সীমা | জনবল সরবরাহের চুক্তি সম্পাদনের পর প্রকল্প মেয়াদকালীন বা ৩১ ডিসেম্বর ২০২১ খ্রি. পর্যন্ত |
| ৮. | দরপত্র / প্রস্তাব বিক্রয়,দাখিল,উন্মুক্তকরণ ও যোগাযোগের ঠিকানা | প্রকল্প পরিচালক-এর কার্যালয়, জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০১৯ প্রকল্প (৬ষ্ঠ তলা, ব্লক-বি) পরিসংখ্যান ভবন, ই-২৭/ এ, আগারগাঁও, ঢাকা-১২০৭ |
| ৯. | দরপত্র/প্রস্তাব বিক্রয়ের তারিখ ও সময় | ২৫-০২-২০২০ খ্রি. সকাল ১০.০০ ঘটিকা হতে ১১-০৩-২০২০ খ্রি. বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত |
| ১০. | দরপত্র/প্রস্তাব দাখিলের শেষ তারিখ ও সময় | ১২-০৩-২০২০ খ্রি. দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত |
| ১১. | দরপত্র/প্রস্তাব উন্মুক্তকরণের তারিখ ও সময় | ১২-০৩-২০২০ খ্রি. দুপুর ২.৩০ ঘটিকা পর্যন্ত |
| ১২. | প্যাকেজের বিবরণ | কম্পিউটিং সেবার আওতায় ০২টি টাইপিস্ট কাম কম্পিউটার অপারেটর এবং অফিস/ কর্মসহায়ক সেবার আওতায় ০১ টি অফিস/ কর্মসহায়ক পদে আউটসোর্সিং এর মাধ্যমে জনবলের সেবা গ্রহণ। |
| ১৩. | পদ, সংখ্যা ও জনবলের যোগ্যতার বিবরণী | (নিচের সারণি দ্রষ্টব্য) |

| পদের নাম | পদসংখ্যা | শিক্ষাগত যোগ্যতা, বয়স ও অভিজ্ঞতা |
|---|---|---|
| টাইপিস্ট কাম কম্পিউটার অপারেটর | ০২ (দুই) | এইচএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। প্রতি মিনিটে বাংলা ২০ শব্দ ও ইংরেজী ৩০ শব্দ টাইপে পারদর্শী/ সক্ষম; বয়স সর্বনিম্ন ১৮ ও অনধিক ৬০ বছর এবং সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। |
| অফিস/ কর্মসহায়ক | ০১ (এক) | ন্যূনতম এসএসসি পাশ, বয়স সর্বনিম্ন ১৮ ও অনধিক ৬০ বছর এবং সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। |

| | | |
|---|---|---|
| ১৪. | জনবল সরবরাহের বিস্তারিত বিবরণ ও শর্তাবলী দরপত্র সিডিউলে উল্লেখ থাকবে। | |
| ১৫. | বিশেষ শর্তাবলী: (১) দরপত্র/প্রস্তাব কার্যক্রম পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও বিধিমালা-২০০৮ এর শর্তাবলী অনুযায়ী পরিচালিত হবে; (২) অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা-৩ শাখা কর্তৃক জারীকৃত আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা ২০১৮, নং: ০৭.১৫৩.০২৯.০৭.০০.০১.২০১২-০১ তারিখ: ০১/০১/২০১৯ খ্রি. অবশ্যই অনুসরণ করা হবে; (৩) অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা-৩ শাখা কর্তৃক জারীকৃত আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা ২০১৮ অনুযায়ী সেবাক্রয়ে সেবামূল্য নির্ধারণ সংক্রান্ত পরিপত্র নং-০৭.১৫৩.০২৯.০৭.০০.০১.২০১৯-২৫৯; তারিখ : ১০/০৬/২০১৯ খ্রি.এবং অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের বাজেট ১১ শাখা কর্তৃক জারিকৃত আউটসোর্সিং প্রক্রিয়ার সেবা গ্রহণ নীতিমালা ২০১৮ অনুযায়ী সেবাক্রয়ের সেবামূল্য নির্ধারণ সংক্রান্ত পরিপত্র নং- ০৭.১১১.০৩১.০১.০০.০০৫.২০১০-৫০০ তারিখ: ১৮/১২/২০১৯ খ্রি. অবশ্যই অনুসরণ করতে হবে; (৪) আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় জারীকৃত আইন, বিধিমালা, নির্দেশনা ইত্যাদি অনুসরণযোগ্য হবে; (৫) নির্বাচিত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদিত হবে, কোন ব্যক্তির সাথে চুক্তি হবে না বা কোন ব্যক্তির নামে নিয়োগপত্র ইস্যু হবে না; (৬) নিয়োজিত কর্মচারীগণকে বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে; (৭) সরকারের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত/রেজিস্ট্রার্ড জনবল সরবরাহকারী প্রতিষ্ঠান হতে হবে; (৮) দরদাতা প্রতিষ্ঠানের হাল সনের ট্রেড লাইসেন্স, জয়েন্ট স্টক কোম্পানীর ইন কর্পোরেশন সার্টিফিকেশন, ভ্যাট সনদ, হাল সনের আয়কর পরিশোধ সনদ, অভিজ্ঞতার সনদপত্র ও ব্যাংক কর্তৃক আর্থিক সচ্ছলতার সনদ থাকতে হবে; (৯) আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের জন্য চূড়ান্তভাবে মনোনীত প্রতিষ্ঠানকে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে; (১০) জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সঙ্গে সম্পাদিত চুক্তি সেবা গ্রহণকারী প্রতিষ্ঠান ১ (এক) হতে ৩(দিন) মাসের অগ্রিম নোটিশে এবং সেবা প্রদানকারী প্রতিষ্ঠান ৬ (ছয়) মাসের অগ্রিম নোটিশে বাতিল করতে পারবে; (১১) নিয়োজিত কর্মচারীগণ প্রয়োজনে ছুটির দিনে বা স্বাভাবিক অফিস সময়ের পরেও দাপ্তরিক কাজ করতে বাধ্য থাকবে; (১২) চূড়ান্তভাবে মনোনীত প্রতিষ্ঠান কর্তৃক আউটসোর্সিং এর মাধ্যমে সরবরাহকৃত জনবলের অদক্ষতা বা অবহেলার কারণে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কোনো ক্ষতি সাধিত হলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে তার সম্পূর্ণভাবে দায় বহন করতে হবে; (১৩) সিডিউলের মূল্য প্রতিটি ১০০০/- (এক হাজার) টাকা মাত্র সিডিউল ক্রয়ের সময় নগদ (অফেরতযোগ্য) পরিশোধ করতে হবে; (১৪) আগ্রহী প্রতিষ্ঠানকে নিজ প্যাডে সীলমোহরকৃত খামে পদওয়ারী দর প্রস্তাব উল্লেখ করে হালসনের ট্রেড লাইসেন্স, আয়কর পরিশোধের সনদপত্র, অভিজ্ঞতার সনদপত্র ইত্যাদিসহ নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে রক্ষিত দরপত্র বাক্সে বা দরপত্র সিডিউলে উল্লিখিত স্থানে দরপত্র/ প্রস্তাব দাখিল করতে হবে; (১৫) উভয় পক্ষের সম্মতিতে চুক্তিপত্রের মেয়াদ বৃদ্ধি করা যাবে; (১৬) নির্বাচিত প্রতিষ্ঠানের নিকট হতে সরকারি নিয়ম অনুযায়ী VAT ও IT ও Service Charge কর্তনপূর্বক হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় কর্তৃক ইস্যুকৃত চেকের মাধ্যমে আউটসোর্সিং জনবলের মাসিক সেবামূল্য প্রদেয় হবে এবং এ ক্ষেত্রে সেবা সরবরাহকারী প্রতিষ্ঠান শুধুমাত্র লভ্যাংশ প্রাপ্ত হবেন। | |
| ১৬. | কোনো কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোনো বা সকল দরপত্র/ প্রস্তাব বাতিল/গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। | |

২৫/০২/২০২০

ইফতেখাইরুল করিম
প্রকল্প পরিচালক
☎: ০২-৫৫০০৭৩৫৫ (Ext-১৫৫৮)
ইমেইল: iftekharbbs@gmail.com